

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শিশু সুরক্ষা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৬৭.১৮.০০০২.২৫.৭৭

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

বিষয়: 'জাতীয় শিশুকল্যাণ বোর্ড'-এর ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ও জেলা শিশুকল্যাণ বোর্ডের সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩২.১৬.৯৪; তারিখ: ১৯ জুন ২০২৩ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১ মে ২০২৩ তারিখে মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর সভাপতিত্বে 'জাতীয় শিশুকল্যাণ বোর্ড'-এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ইতোপূর্বে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। সভায় জেলা শিশুকল্যাণ বোর্ড সংশ্লিষ্ট বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় শিশুকল্যাণ বোর্ডের আসন্ন ২য় সভার উপস্থাপনের লক্ষ্যে নিম্নোক্ত ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রদত্ত ছকে প্রদান করতে হবে:

ক্রম	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
১	শিশু আইন, ২০১৩ এর ৫৯(২) ধারা অনুযায়ী নিজ নিজ জেলার প্রত্যয়নযোগ্য প্রতিষ্ঠানের তালিকা সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ (সিদ্ধান্ত ১.৬.২)	জেলার প্রত্যায়িত প্রতিষ্ঠানের সংখ্যা, নাম ও ঠিকানা	
২	শিশু আইন, ২০১৩ অনুযায়ী জেলা ও উপজেলা শিশুকল্যাণ বোর্ডের নিয়মিত সভা অনুষ্ঠান নিশ্চিত করা (সিদ্ধান্ত ২.১.২ ও ২.১.৩)	শিশু আইন, ২০১৩ অনুযায়ী জেলা ও উপজেলা শিশুকল্যাণ বোর্ডের অনুষ্ঠিত সভার সংখ্যা, সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে	
৩	দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে শিশুদের বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।	এ ধরনের কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা, হয়ে থাকলে কতজন শিশু কোন কোন ট্রেডে প্রশিক্ষণ পেয়েছে তার বিবরণ	

৩। এমতাবস্থায়, আপনার জেলার আওতাধীন 'জেলা ও উপজেলা শিশুকল্যাণ বোর্ড' সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও জুন ২০২৩ হতে মে ২০২৬ পর্যন্ত অনুষ্ঠেয় জেলা শিশুকল্যাণ বোর্ডের সভার কার্যবিবরণী আগামী ১৭ জুন ২০২৬ এর মধ্যে ই-মেইলে (sk.khalil.al.rashid@gmail.com) এবং হার্ডকপিতে এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি: ১ম সভার কার্যবিবরণী- ০৯ পাতা।

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়,(সকল)


(মোঃ সাজ্জাদুল ইসলাম)
পরিচালক (শিশু সুরক্ষা)
ফোন: ০২৫৫০০৭০৩১

ই-মেইল: director.cpu@dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৬৭.১৮.০০০২.২৫.৭৭

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. জেলা প্রশাসক ও সভাপতি জেলা শিশুকল্যাণ বোর্ড, (সকল জেলা);
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল বিভাগ)।